বঙ্গবন্ধুর দর্শন,
সমবায়ে উন্নয়ন

# বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

## উপজেলা সমবায় কার্যালয়,শ্রীপুর, মাগুরা

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বঙ্গবন্ধুর দর্শন,
সমবায়ে উন্নয়ন

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩

উপজেলা সমবায় কার্যালয়, মাগুরা

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

## উপজেলা সমবায় কার্যালয়ের কর্মচারীবৃন্দ



মিত্রজীত ঘোষ, সহকারী পরিদর্শক,
উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরা।



মোঃ শিমুল হোসেন, সহকারী
পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর,
মাগুরা।



মোঃ মারুফ হোসেন,
অফিস সহায়ক
উপজেলা সমবায় কার্যালয়,
শ্রীপুর,মাগুরা।



“আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে উন্নত জীবনের অধিকারী হবে-এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।”

**-জতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**



“এটা পরিহীত যে বহুমুখী গ্রাম সমবায়  আমরা যদি গড়ে তুলতে পারি, বাংলাদেশে কোন দরিদ্র থাকবে না।”

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



সমবায় - সংগীত

কাজী নজরুল ইসলাম

‘ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আ য়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- ‘সমবায়, সমবায়!’ ইুধার জ্বালায়
মরেছি সুধার ক ল সথাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋ ণ,অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥ মিলি পরমাণু
পর্বত হ য়সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?জগতে ছড়ানো
বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলেআমরা গড়িব নতুন পৃথিবী সমবেত
মহিমায়॥
দুর্ভিহৈর, শোষণের আ র পেষণের জাঁতাকলে এ ক হ য় নাই
বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।স ক লদেশের স ক ল
মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি আসি-রবে না জগতে প্রবলের অন্যায়।।

# -:সূচিপত্র:-


| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | প্রথম অধ্যায়ঃ | |
| ০১ | প্রারম্ভিকা | ০৯ |
| | দ্বিতীয় অধ্যায়ঃ | |
| ০২ | মাগুরা জেলার শ্রীপুর উপজেলার সমবায় কার্যক্রমের গুরুত্বপূর্ণ পরিসংখ্যানঃ ২০২২-২৩ | ১১ |
| | তৃতীয় অধ্যায়ঃ | |
| ০৩ | অনুসন্ধান মূলক ০৩টি লেখনীঃ প্রেক্ষিত- সমবায় | ১৩ |
| | ৪র্থ অধ্যায়ঃ | |
| ০৪ | সমবায় সম্ভাবনাঃ প্রেক্ষিত- ০৫ টি সফল সমবায় সমিতির ক্রমবিকাশের গল্প | ২০ |
| | ৫ম অধ্যায়ঃ | |
| ০৫ | জাতীয় সমবায় পুরস্কার-২০২২ এর জন্য জেলা কমিটি কর্তৃক মনোনিত সমিতির তালিকা | ৩৭ |
| | ষষ্ঠ অধ্যায়ঃ | |
| ০৬ | মাগুরা জেলার কার্যকর সমবায় সমিতির তালিকা | ৩৮ |
| | ৭ম অধ্যায়ঃ | |
| ০৭ | একটি শোক বর্তা | ৫০ |
| ০৮ | ২০২২-২৩ সালের অবসর/বিদায় সম্ভর্ধনা | ৫১ |
| | ৮ম অধ্যায়ঃ | |
| ০৯ | ২০২২-২৩ সালে যারা শুদ্ধাচার পুরস্কার পেলেন | ৫২ |
| ১০ | একটি সফলতা | ৫৩ |
| | ৯ম অধ্যায়ঃ | |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা | ৫৪ |
| | ১০ম অধ্যায়ঃ | |
| ১২ | তথ্যচিত্রে ২০২২-২৩ সালের মাগুরা জেলার শ্রীপুর উপজেলার গুরুত্বপূর্ণ সমবায় কার্যক্রম | ৫৮ |

# প্রথম অধ্যায়
## প্রারম্ভিকা

উপজেলা সমবায় কার্যালয়,শ্রীপুর, মাগুরা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরা এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরার কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত ০৩ (তিন) বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। উপজেলা সমবায় কর্মকর্তা এবং তাঁর অধিনস্থ কর্মচারীগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিনত করতে এবং এর গুণগত মান উন্নয়নে শ্রীপুর উপজেলায় উৎপাদনমূখী সমবায় সমিতি গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাত করণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন বছরে মোট ০৯ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং প্রায় ৩২০ জন নতুন সমবায়ীকে সদস্যভূক্ত করা হয়েছে। ২০২২-২০২৩ সনে ৪৭ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন করা হয়েছে। প্রায় ৫০ জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষনের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষন প্রদান করা হয়েছে। সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি ও পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি সংগঠনের মাধ্যমে গ্রামের মানুষের তথা সমবায়ীদের আর্থসামাজিক উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে প্রায় ২৫০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় অত্র উপজেলাধীন ০১টি আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে বিগত ০৩ (তিন) বছরে সদস্যের মধ্যে ৩২৯,০০০/- টাকা ঋন বিতরন ও ৩০১৫৯৫/- টাকা আদায় করা হয়েছে। এছাড়া গুচ্ছভিত্তিক আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৩টি আশ্রয়ণ সমবায় সমিতি গঠন করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জ সমূহঃ**

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে শ্রীপুর উপজেলার বিভিন্ন শ্রেণী-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরা এর চ্যালেঞ্জ বহুবিধ। এ ভাগে নিবন্ধিত সমবায় সমিতির মধ্যে সমবায় বিভাগীয় ১৫৫টি এবং বিআরডিবিভুক্ত ১৬৩টিসহ মোট ৩১৮টি । নানা শ্রেণী ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্র্যময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায় সমিতি নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ**

'রূপকল্প ২০৪১' (ভিশন ২০৪১) বাস্তবায়নে বিশেষ করে কৃষি উৎপাদন বৃদ্ধি, দ্রব্য মূল্যের স্থিতিশীলতা আনয়ন, প্রশিক্ষণ ও আর্থিক সেবা প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, অনগ্রসর ও পশ্চাদপদ জনগণের জীবন মান উন্নয়ন, নারীসহ মানব সম্পদের উন্নয়ন ও অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতির প্রবর্তনে সমবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তাই উদ্ভাবনী উদ্যেগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরা এর নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ব-কর্মসংস্থানের পথ সুগম করা অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাত করণে সহায়তা করা হবে। এছাড়া সমবায় সমিতির সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যসস্ত সমবায় সমিতি গুলোর অবসায়ন কার্যক্রম দ্রুত নিস্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতি সমূহকে পূণঃ কার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদন মূখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাসত্মবায়ন করা হবে।

**২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ**

- ✓ ০১ টি মডেল সমবায় সমিতি গঠন করা হবে,
- ✓ ৩০ জন পুরুষ এবং ২০ জন মহিলাকে চাহিদা ভিত্তিক ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হবে,
- ✓ বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক ৯০% সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে,
- ✓ ১০ জন সমবায়ীর সরাসরি ও ১১০ জন পুরুষ এবং ৩০ জন মহিলা সমবায়ীর আত্ব-কর্মসংস্থান সৃষ্টি করা হবে।
- ✓ নিরীক্ষা সম্পাদিত সমিতির ৯০% এজিএম অনুষ্ঠান নিশ্চিত করা হবে।

প্রাক নিবন্ধনপূর্ব ০৭ টি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন নিশ্চিত করা হবে।

বঙ্গবন্ধুর দর্শন,
সমবায়ে উন্নয়ন

## দ্বিতীয় অধ্যায়

## শ্রীপুর উপজেলার সমবায় কার্যক্রমের গুরুত্বপূর্ণ পরিসংখ্যানঃ ২০২২-২৩

০১।মোট সমবায় সমিতির সংখ্যাঃ

| সমিতির প্রকার | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট |
|---|---|---|---|
| সাধারণ | ০১ | ৬৩ | ৬৪ |
| পউব | ০২ | ১৬৩ | ১৬৫ |
| মোট | ০৩ | ২২৫ | ২২৯ |

০২। সমিতির মোট সদস্য সংখ্যাঃ

| কেন্দ্রীয় | প্রাথমিক |
|---|---|
| ৫৬৬০ | ১০৪৮৭ |

০৪। সমিতির শেয়ার মুলধন(লক্ষ টাকায়):

| কেন্দ্রীয় | প্রাথমিক | মোট |
|---|---|---|
| ১০.১৩ | ২৫.৪০ | ৩৫,৫৩ |

০৫। সমিতির সঞ্চয় আমানত (লক্ষ টাকায়):

| কেন্দ্রীয় | প্রাথমিক | মোট |
|---|---|---|
| ২৭.০১ | ২৯৪.৭০ | ৩২১.৭১ |

০৬। সমিতির কার্যকরী মুলধন(লক্ষ টাকায়):

| কেন্দ্রীয় | প্রাথমিক | মোট |
|---|---|---|
| ১৪৪৩.০৭ | ২৯৯৫.৬৩ | ৪৪৩৮.৭০ |

০৭। সমিতির মাধ্যমে সৃষ্ট কর্মসংস্থান:

| কেন্দ্রীয় | প্রাথমিক | মোট |
|---|---|---|
| ২৩৪৭ | ৬৯৮১ | ৯৩২৮জন |

০৮। সমবায় সমিতির অডিট ফি ধার্য (২০২০-২০২১):

| কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | আদায়ের হার |
|---|---|---|---|
| ৪৯৪০/- | ৬৭৩২০/- | ৭২২৬০/- | ১০০% |

০৯। সমবায় সমিতির সমবায় উন্নয়ন তহবিল ধার্য (২০২০-২০২১):

| কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | আদায়ের হার |
|---|---|---|---|
| ১৪৭৫/- | ২৮৪৬৯/- | ২৯৯৪৪/- | ১০০% |

## ১২। ক) আশ্রয়ণ প্রকল্প ফেইজ -২

| ক্রঃ নং | উপজেলা | প্রকল্পের সংখ্যা | ছাড় কৃত ঋণ | দাদন কৃত ঋণ (ঘূর্নায়মান সহ) | সার্ভিস চার্য সহ আদায়যোগ্য | মোট আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|
| মোট | শ্রীপুর | ০১টি | ৭.০০ | ৪৯.৬৮ | ৫৩.৩৬ | ৪৮.১০ | ৯০% |

--------------------o------------------------



# সমবায় সমিতি ও প্রাসঙ্গিকতা

এ.এস.এম.সাইফু**জ্জামান,**
প্রতিষ্ঠাতা ও প্রধান পরামর্শক
জোকা দারিদ্র নিরোধ সমবায় সমিতি লিঃ
সাবেক কর্মকর্তা- জাতিসংঘ বিশ্বখাদ্য কর্মসূচী

অতীতকাল থেকেই সমবায় নিয়ে বিস্তর লেখালেখি জারি আছে। শহর-গ্রামে সমবায় কার্যক্রম চলছে। এই কাজে সাফল্য-ব্যর্থতার সংমিশ্রন লক্ষণীয়। সমবায় সমিতি মূলত একটি অর্থনৈতিক সংগঠন, যার সামাজিক ভূমিকা যথেষ্ট দৃশ্যমান। সমবায় সমিতি গড়ার অধিকার অবাধ। এই অধিকার রাষ্ট্রীয় বিধি-বিধান দ্বারা সুরক্ষিত, যার মূল লক্ষ্য সুবিধা বঞ্চিত জনগোষ্টীর আর্থ-সামাজিক স্বার্থ সংরক্ষণ। আমাদের গ্রামগুলি সকল বিবেচনায় এখনও শহরের তুলনায় অধিক সুবিধা বঞ্চিত। রাষ্ট্র স্বীকৃত সমবায় নীতিমালা ও বিধিমালা এই জনগোষ্টীকে সমবায় ছত্রছায়ায় সম্পদ অর্জন ও ভোগের অধিকার দিয়েছে - এ কথা তারা জানেও না বা বোঝেও না।

একটা আদর্শ সমবায় সমিতি সাধারণ মানুষের মনে ফলপ্রসু নাগরিক বোধ জাগায়, সমাজের গোড়ায় মজবুত সামাজিক কাঠামো গড়ে তোলে, বেকার জনগোষ্টীর কর্ম-সুযোগ সৃষ্টি করে এবং ব্যক্তিত্ব ও নেতৃত্ব সৃষ্টির মাধ্যমে সামাজিক শৃঙ্খলা রক্ষায় সুযোগ করে দেয়। এই সকল ঘাটতি পূরণে সমবায় নীতি-আদর্শ বাস্তবায়ন জনবহুল বাংলাদেশের জন্য একটি প্রশ্নাতীত বিষয়। এর জন্যে সমাজে সমবায় চেতনা ব্যাপক ছড়িয়ে দেয়ার দায়িত্ব সকলকেই নিতে হবে। এ কাজে সরকারী-বেসরকারী প্রচেষ্টার সমন্বয় অতি গুরত্বপূর্ণ। অনেক উদাহরণ আছে যা প্রমাণ করে সীমাবদ্ধতার তালিকায় না তাকিয়ে উদ্যোগী মানুষেরা আদর্শ সমবায় গড়ে তুলছেন। এ জন্যে বড় বিনিয়োগ নয়; বরং গ্রামে পড়ে থাকা অব্যবহৃত সম্পদগুলিই সরল চিত্তের অধিকারীরা ব্যবহার করে সাফল্য আনতে পারে। এখানে প্রয়োজন ধৈর্যের সাথে আন্তরিক প্রচেষ্টা এবং আদর্শে ও লক্ষ্যে স্থির থাকা। এ বিষয়ে এক যুগ আগে একজন নিবেদিত প্রাণ সমবায় সচিবের সাথে আমার আলাপ চারিতা খুবই প্রাসঙ্গিক।
সেদিন তিনি বলেছিলেনঃ

**(১)** সমবায় আইনই আদর্শ সমবায় গঠনে বাঁধা হয়ে আছে। এর অনেকগুলিই সাধারনের জন্য অপ্রয়োজনীয়। তাই ‘আইন ধারার’ বদলে ‘বাস্তবধারা’ অনুসরণে সমবায়ে সাফল্য আসবে।
**(২)** সমবায়কে সমৃদ্ধ করতে তথ্য-প্রযুক্তি যুক্ত হতে হবে। এ জন্যে কম্পিউটার ব্যবহার সুফল আসবে।
**(৩)** সমবায় গড়তে ‘পরিদর্শন’ অন্যতম বিষয়। গুণগত পরিদর্শন শুরু করা প্রয়োজন।
**(৪)** যুবক এবং মহিলাদের জন্য আলাদা সমিতি গড়া যায়।
**(৫)** স্টাফ উন্নয়ন করতে হবে- এরাই সমবায়কে এগিয়ে নিবে।
**(৬)** নেতৃত্বের দ্বন্দ্ব সমবায় গুলিকে এগোতে দেয় না। এই দ্বন্দ্ব এড়াতে কৌশল নিতে হবে।
**(৭)** কথা শুনতে চায়না - গ্রামবাসী মনে করে কত জানে এই ভাবে সংগঠক আর গ্রামবাসীর মধ্যে দূরত্ব থেকে যায়। এই পরিস্থিতি মোকাবেলায় ধৈর্য অপরিহার্য।

এই সচিব মহোদয় এখন প্রয়াত। কিন্তু সমবায় অঙ্গনে তাঁর ভাবনাগুলি সঞ্চিত রয়েছে। অনুসরণে ফল আসবে। সমবায়কে সমৃদ্ধ করতে সম্প্রতি একজন আধিকারিক ৭টি আবশ্যিক কাজ অনুসরণের পরামর্শ দিয়েছেন।পরামর্শ গুলি হলোঃ (ক) গণতান্ত্রিক ব্যবস্থা (খ) মাসিক সভা (গ) অডিট (ঘ) বার্ষিক সাধারণ সভা (ঙ) নিয়মিত সঞ্চয় আদায় ও লাভজনক খাতে বিনিয়োগ (চ) সঠিক রেকর্ড সংরক্ষণ ও (ছ) যথাযথ অডিট ফি ও সি ডি এফ প্রদান। এই বাস্তবভিত্তিক ধারাসমূহ অনুসরণে মাগুরা জেলার অর্ন্তগত শ্রীপুর উপজেলার জোকা দারিদ্র নিরোধ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ ২০০২খ্রিঃ থেকে ধারাবাহিক সাফল্য পেয়েছে। এ যাবৎ তাদের অর্জন তালিকা নিম্নরুপঃ (ক) ঋণ বিতরণঃ ৪ কোটি ৮৮ লক্ষ ৭৩ হাজার টাকা (খ) ঋণ আদায়ঃ ৪ কোটি ৪৬ লক্ষ ১৬ হাজার ১৩০ টাকা (গ) সঞ্চয় আদায়ঃ ১ কোটি ১৯ লক্ষ ৮৪ হাজার ৪০ টাকা (ঘ) সঞ্চয় ফেরতঃ ৮৩ লক্ষ ১০ হাজার ১৭ টাকা (ঙ) শেয়ার স্থিতিঃ ২ লক্ষ ১৮ হাজার ১২৯ টাকা ও (চ) সংরক্ষিত তহবিলঃ ১০ লক্ষ ৭৬ হাজার ৮১৯ টাকা। শুরুতে ১০.০০ টাকা বর্তমানে ৩০.০০ টাকা সর্বনিম্ন সাপ্তাহিক সঞ্চয়ে গঠিত এই বিপুল অর্থ ব্যবস্থাপনার নিঁখুত হিসাব পরিচালনার দায়িত্ব পালন করছেন স্বল্প শিক্ষিত ৭ জন মহিলা কর্মচারী ব্যবস্থাপনা কমিটি মাসিক সভায় দিক নির্দেশনা, আয়-ব্যয় অনুমোদন ও মাস শেষে পর্যালোচনা এবং পূর্নঃ নির্দেশনা প্রদান করেন। সমিতির এ ৭ জন কর্মীর সকলেই গ্রামের স্বল্পশিক্ষিতা গৃহবধু। বেতন হিসাবে পাওয়া সীমিত অর্থে নিজেদের হাত খরচ চালিয়ে কিছু সঞ্চয় থাকে- এতেই এরা খুশি। এই সমিতির সাধারণ সদস্যদের পরিতৃপ্তির চিত্র উৎসাহব্যঞ্জক। পারিবারিক অবকাঠামো উন্নয়নে সমিতি থেকে পাওনা ঋণের টাকা কাজে লাগিয়ে সমিতির সাধারণ সদস্যরা নিজস্ব উন্নয়নের স্বপ্ন দেখতে শিখেছেন। সে তালিকা পরবর্তীতে দেখানো যাবে।

মাগুরার শ্রীপুর উপজেলার এই সাফল্য কাহিনী একটি পথ রেখার নির্দেশ দেয়; যে পথে সমবায় আদর্শে গ্রামগুলি সমৃদ্ধির স্বাবলম্বী পথ খুঁজে পাবে। এখানে বিদ্যমান ২০ টি জিকে সমিতি পূর্নগঠিত হলে এক নব দিগন্ত উন্মেচিত হবে। সমবায় নিয়ে উপজেলায় মাসিক-ত্রৈমাসিক পর্যালোচনা সভা, সমবায় আইন-বিধি-নীতি, নিয়ে বছরে দুবার উপজেলায় প্রশিক্ষণ ব্যবস্থা, যথাসময়ে নিরীক্ষাকাজ সম্পাদন, উপজেলার শ্রেষ্ঠ সমিতি ও সমবায়ীদের উৎসাহ পুরস্কার প্রদান এ কাজে গতি আনবে।

শেষের লাইনঃ সমবায় অঙ্গনে বরেণ্য স্যার প্রফুল্ল চন্দ্র, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও আখতার হামিদ খান। এদের নিয়ে উপজেলায় জাতীয় সমবায় দিবসে আলোচনা সমবায়ীদের মনে উৎসাহ যোগাবে।

প্রতিষ্ঠাতা ও প্রধান পরামর্শক
জোকা দারিদ্র নিরোধ সমবায় সমিতি লিঃ
সাবেক কর্মকর্তা- জাতিসংঘ বিশ্বখাদ্য কর্মসূচী

**সমবায় ভাবনা**

**প্রেক্ষিতঃ**

**জোকা দারিদ্র নিরোধ সমবায় সমিতি লিঃ**

**জোকা, শ্রীপুর, মাগুরা।**

নিবন্ধন নং- ০০১৮/মাগুরা, তারিখঃ ১৭/০৯/২০০২খ্রিঃ

সংশোধিত- ০০০২/মাগুরা, তারিখঃ ০৪/০৪/২০২১খ্রিঃ।

**১. সমিতির প্রাথমিক বিবরনীঃ**

ক. সমিতির নামঃ জোকা দারিদ্র নিরোধ সমবায় সমিতি লিঃ।

খ. নিবন্ধন নং- ০০১৮/মাগুরা, তারিখঃ ১৭/০৯/২০০২খ্রিঃ।

সংশোধিত- ০০০২/মাগুরা, তারিখঃ ০৪/০৪/২০২১খ্রিঃ।

গ. ঠিকানাঃ গ্রামঃ জোকা, ডাকঘরঃ শ্রীপুর, উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ মাগুরা।

ঘ. সমিতির কর্মএলাকাঃ সমগ্র শ্রীপুর উপজেলা ব্যাপী।

চ. সমিতির সদস্যঃ ৭৮৫ জন

ছ. সমিতির সর্বশেষ নির্বাচনঃ ১৬/০৮/২০২১খ্রিঃ।

জ. সমিতির সর্বশেষ বার্ষিক সাধারণ সভার তারিখঃ ২৮/১২/২০২০খ্রিঃ।

ঝ. ব্যবস্থাপনা কমিটিঃ

| ক্রঃ নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব শিশির কুমার শিকদার | সভাপতি | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ০২ | জনাব ইছাহাক আলী বিশ্বাস | সহ-সভাপতি | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ০৩ | জনাব আমিরুল ইসলাম | সম্পাদক | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ০৪ | জনাব সুভাষ চন্দ্র বিশ্বাস | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ০৫ | জনাব মোঃ হাফিজুর রহমান | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ০৬ | জনাব মোঃ আব্দুর রশিদ শেখ | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ০৭ | জনাব রিনা ইয়াসমিন | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ০৮ | জনাব মোঃ আবুল হোসেন | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ০৯ | জনাব তাপসী রানী | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ১০ | জনাব মিনারা পারভীন | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ১১ | জনাব মোঃ নাসিরুল ইসলাম | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |
| ১২ | জনাব মোঃ আবু বক্কার মোল্যা | সদস্য | ১৬/০৮/২০২১খ্রিঃ |

২. সমিতি গঠনের প্রেক্ষাপট/ইতিহাসঃ

বর্তমান সমাজের সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন সাধনের লক্ষ্যে ২০০২খ্রিঃ সনে সাংগঠনিক সভার মাধ্যমে ২০ জন কর্মোদ্যোগী নারী ও পুরুষ একত্রিত হয়ে একটি সমবায় সমিতি গঠন করার প্রত্যয়ে সংগঠিত হয়। এই লক্ষ্য অর্জনে সমিতির সদস্যদের সঞ্চয় জমা, শেয়ার ক্রয় ও আয়বর্ধনমূলক কাজের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন, আত্মসম্পর্কযুক্ত সমস্যা সমাধানে সমন্বিত কর্মোদ্যোগ, সদস্যগণের মধ্যে মিতব্যয়িতা, সঞ্চয়ী মনোভাব বৃদ্ধি, আয়বর্ধনমূলক উদ্যোগ গ্রহন, পারিবারিক সহযোগিতা ও বিশ্বাস স্থাপন, নিজেকে আত্মবিশ্বাসী ও আত্ম-নির্ভরশীলতা অর্জন, পরস্পরের প্রতি সু-সম্পর্ক ও শ্রদ্ধাবোধ গড়ে তোলা, বাল্য বিবাহ ও যৌতুক প্রথা বন্ধ, শেয়ার ও সঞ্চয় আমানতের বিপরীতে আয়বর্ধনমূলক প্রকল্প বাস্তবায়ন ও ঋণ প্রদান। সমিতিটি বাংলাদেশ সরকারের জেলা সমবায় কার্যালয়, মাগুরা হতে নিবন্ধিত। যার নিবন্ধন নম্বর- ০০১৮/মাগুরা, তারিখঃ ১৭/০৯/২০০২খ্রিঃ। সংশোধিত-০০০২/মাগুরা, তারিখঃ ০৪/০৪/২০২১খ্রিঃ। সমিতির বর্তমান সদস্য সংখ্যা ৭৫৬ জন।

৩.সমবায় সমিতি প্রতিষ্ঠা ও নিবন্ধন লাভঃ

সকল সাধারণ সদস্যের সমন্বয়ে একাধিক সাংগঠনিক আলোচনা সভা, সিদ্ধান্ত, আবেদন এবং উপজেলা সমবায় অফিসার মহোদয়ের পরিদর্শন ও সুপারিশের মাধ্যমে জেলা সমবায় অফিসার, মাগুরা কর্তৃক ১৭/০৯/২০০২খ্রিঃ তারিখে সমবায় সমিতিটি নিবন্ধিত হয়েছে।

**৪. নির্বাচনঃ**

সমিতিতে বিগত ১৬/০৮/২০২১খ্রিঃ তারিখে বিশেষ সাধারণ সভার মাধ্যমে সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং নবনির্বাচিত ব্যবস্থাপনা কমিটির ১ম সভা ১৬/০৮/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সমিতিতে যথাসময়ে নির্বাচনের মাধ্যমে বৈধ কমিটি গঠিত হওয়ায় সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮ ও ১৯ ধারাসহ সমবায় সমিতি বিধিমালা প্রতিপালনসহ সাধারণ সদস্যের কার্যক্রমের উপর আস্থা ও বিশ্বাস তৈরি হয়েছে।

৫. বার্ষিক সাধারণ সভাঃ

অত্র সমিতিতে বিগত ০৫টি বার্ষিক সাধারণ সভা যথাক্রমে ২৮/১২/২০২০খ্রিঃ, ২৬/০৯/২০১৮খ্রিঃ, ২৩/০৮/২০১৭খ্রিঃ, ২৪/০৮/২০১৬খ্রিঃ এবং ২৭/০৮/২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে । উক্ত সভাগুলো কোরাম সংখ্যক সদস্যের উপস্থিতিতে গুরুত্বপূর্ণ আলোচনান্তে সম্পাদন করা হয়। সভায় ঋণ প্রদানের সর্বোচ্চ সীমা ৫০০০০.০০ টাকা নির্ধারণ করা হয়। সভায় বাৎসরিক বাজেট অনুমোদন, সমিতির সদস্যগণ সমিতির কার্যক্রম সম্পর্কে ধারণা লাভ করে।






রণ

সমিতির ১৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বাম দিক হতে যথাক্রমে জনাব হাসিনা মমতাজ, সহকারী কমিশনার (ভূমি), জনাব ইয়াছিন কবির, উপজেলা নির্বাহি অফিসার, শ্রীপুর, মাগুরা, জনাব মোঃ আব্দুল আলীম মিয়া, জেলা সমবায় অফিসার(প্রাক্তন), মাগুরা এবং যার অনুপ্রেরণায় সমিতির এই দীর্ঘ পথ চলা বিশিষ্ট সমবায়ী, সমাজসেবক এবং অবসরপ্রাপ্ত কর্মকর্তা(WFO) জনাব এস এম সাইফুজ্জামান ও প্রাক্তন উপজেলা সমবায় অফিসার, মাগুরা সদর, মাগুরা।

**৬. সফল সমবায় সমিতির কার্যক্রমঃ**

সমবায় সমিতি নিবন্ধন পরবর্তীতে সমিতির নিজস্ব ও সদস্যগণের আর্থিক উন্নয়নে বিভিন্ন কর্ম পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। সমিতি ভিত্তিক ও সদস্যগণের আর্থিক ও সামাজিক উন্নয়নের উদ্যোগ হিসেবে স্থানীয় মহিলাদের সমন্বয়ে সমবায় আইন ও বিধি মোতাবেক বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। সমিতির কার্যক্রম/প্রকল্প সমুহের মধ্যে রয়েছে সমবায় বিভাগের সহযোগিতা এবং সমিতির নিজস্ব উদ্যোগে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে কর্মমুখী দক্ষতা উন্নয়ন ও কর্মসম্পাদন।

ক. নারী সদস্যদের জন্য বসতবাড়ীর আঙ্গিনায় বিভিন্ন শাকসবজি ও ফলমূল চাষের মাধ্যমে পারিবারিক খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনে প্রচেষ্টা অব্যাহত আছে।

খ. এছাড়া কৃষি বর্হিভূত আয়বর্ধনমূলক বিভিন্ন প্রযুক্তিগত প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে এবং প্রযুক্তি ব্যবহারে অংশ গ্রহণকারীদের দক্ষতা বেড়েছে, যার ফলে সদস্যগণ নিরাপদ স্ব-কর্মসংস্থান সৃষ্টিতে নিজস্ব উদ্যোগের পরিকল্পনা গ্রহণ করছে। উদ্যোগসমূহ নিম্নে সন্নিবেশ করা হলোঃ (ক) ব্লক ও বাটিকের কাজ ও উৎপাদিত পণ্য বাজারজাতকরন (খ) সুচি শিল্পের কাজ ও উৎপাদিত পণ্য বাজারজাতকরন (গ) ক্ষুদ্র ও কুটির শিল্পের কাজ ও উৎপাদিত পণ্য বাজারজাতকরন (ঘ) দর্জির কাজ, কাপড় কাটা এবং সেলাই মেশিন দ্বারা সেলাই ও উৎপাদিত পণ্য বাজারজাতকরন ও (ঙ) তাঁত ও তাঁতজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি করা ও উৎপাদিত পণ্য বাজারজাতকরন।

**৭. উদ্ভাবনী আইডিয়া গ্রহণ ও বাস্তবায়নঃ**

''তাঁত ও তাঁতজাত পণ্য উৎপাদনে আধুনিকীকরন'' সমিতির সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন, বেকারত্ব দূরীকরণ ও জমাকৃত শেয়ার ও সঞ্চয়ের মাধ্যমে বিভিন্ন আয়বর্ধনমূলক প্রকল্প গ্রহণ করে সদস্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। এছাড়াও গ্রাম বাংলার ঐতিহ্যবাহী তাঁত শিল্পকে সমুন্নত রাখার প্রয়াসে গতানুগতিক হাতের তৈরি পদ্ধতিকে পরিহার করে আধুনিক যান্ত্রিক পদ্ধতি ব্যবহারে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ ব্যাপারে ট্রেডভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে সদস্যদের সরকারের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করা।

৮. সমিতির আর্থিক বিবরনীঃ

| ক্রঃ নং | বিষয় | বর্তমান অবস্থা |
|---|---|---|
| ০১ | সদস্য সংখ্যা | ৭৮৫ জন |
| ০২ | সমিতির শেয়ার মুলধন | ২,১৭,৬২৯.০০ |
| ০৩ | সমিতির সঞ্চয় আমানত | ৩৪,১৬,৭২০.০০ |
| ০৪ | সমিতির সংরক্ষিত তহবিল | ১,৪০,৮৩০.০০ |
| ০৫ | কু-ঋণ তহবিল | ৯৩,৮৮৯.০০ |
| ০৬ | সমিতির কার্যকরী মুলধন | ৩৭,৭৫,১৭৯.০০ |
| ০৭ | হস্তে মজুত তহবিল | ০.০০ |
| ০৮ | ব্যাংক জমার পরিমান | ৪,৪৯,৫২২.০০ |
| ০৯ | মাঠে ঋণ পাওনা | ৪২,৬৮,৬৮৩.০০ |
| ১০ | অস্থাবর সম্পদ | ৭৭,৩২২.০০ |
| ১১ | স্থাবর সম্পদ | ০ |

| | | |
|---|---|---|
| ১২ | রেজিস্টারের সংখ্যা | ক. সদস্য রেজিস্টার খ. সঞ্চয় রেজিস্টার গ. শেয়ার রেজিস্টার<br>ঘ. ক্যাশ রেজিস্টার ঙ. রেজুলেশন রেজিস্টার চ. পরিদর্শন রেজিস্টার |
| ১৩ | হিসাব সংরক্ষণ পদ্ধতি | সমবায় সমিতি আইন ও বিধি ও উপ-বিধি মোতাবেক দৈনিক জমা-খরচ ও সংশ্লিষ্ট অন্যান্য হিসাব সংরক্ষণ করা হয়। |

৯. সমিতির সার্বিক কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সমিতিতে নিয়োগকৃত ০৭ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত আছেন। সমিতিতে অনুমোদিত চাকুরি বিধি রয়েছে। ২০১৯-২০২১খ্রিঃ সনে সমিতির কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা বাবদ ৩,৫৬,২০০.০০ টাকা ও ২০২০-২০২১খ্রিঃ সনে ৩,৯২,৯০০.০০ টাকা প্রদান করেছে। অত্র সমিতির অফিস গৃহে কাজের উপযুক্ত পরিবেশ বিদ্যমান।

**১০. সমবায় সংক্রান্ত বিশেষ আয়োজনঃ**

সমবায় সমিতি ভিত্তিক এবং সদস্যগণের আর্থিক ও সামাজিক উন্নয়নের উদ্যোগ হিসেবে সমিতি কর্তৃক স্থানীয় পিছিয়ে পড়া লোকদের সমন্বয়ে সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। সমিতির কার্যক্রম/প্রকল্প সমূহের মধ্যে রয়েছে সমবায় বিভাগের সহযোগিতায় এবং সমিতির নিজস্ব উদ্যোগে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে কর্মমুখী দক্ষতা উন্নয়ন পূর্বক নারী সদস্যদের জন্য বিভিন্ন প্রযুক্তিগত প্রশিক্ষণের আয়োজন করা। যার ফলে সদস্যগণ স্ব-কর্ম সৃষ্টিতে নিজস্ব উদ্যোগের পরিকল্পনা গ্রহন করছে। এই চলমান পরিকল্পনা শেষে পরিকল্পনা বাস্তবায়নের জন্য আর্থিক সহায়তা প্রয়োজন হবে এবং উক্ত আর্থিক সহায়তা নিশ্চিত করার জন্য চেষ্টা করা হবে। সমবায় বিভাগ এবং জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন অনুষ্ঠানে সমিতির পক্ষ থেকে অংশগ্রহন করা হয়।

সমবায়ের উদ্দেশ্য হলো মেধা ও পুঁজির সম্মিলিত সংযোজন ঘটিয়ে অর্থনৈতিক ক্ষেত্রে বিপ্লব ঘটানো। সমিতিটি অত্র এলাকার অবহেলিত ও নিম্নশ্রেণীর জীবন মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন আত্মসচেতনতা মূলক প্রশিক্ষণ প্রদান ও জনসচেতনতা মূলক কর্মকান্ড, কর্মসংস্থান ও স্ব-কর্মসংস্থানের মাধ্যমে তাদের আর্থিক ও সামাজিক উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করছে।

**তথ্য সংগ্রহেঃ**

**জনাব মোঃ আবু মোসা,** পরিদর্শক**, জেলা সমবায় কার্যালয়, মাগুরা।**

**সমবায় ভাবনা**

**প্রেক্ষিতঃ**

# স্যালভেশন মহিলা সমবায় সমিতি লিঃ

**শ্রীপুর, মাগুরা**

নিবন্ধন নং- ০০১৪/মাগুরা, তারিখঃ ২৮/০১/২০২০খ্রিঃ

**ভূমিকাঃ**

বর্তমান সমাজের সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন সাধনের লক্ষ্যে ২০১৯খ্রিঃ সনে সাংগাঠনিক সভার মাধ্যমে ২০ জন কর্মউদ্যোগী নারী একত্রিত হয়ে একটি সমবায় সমিতি গঠন করার প্রত্যয়ে সংগঠিত হয়ে স্যালভেশন মহিলা সমবায় সমিতি গঠন করে উন্নয়নের পথে যাত্রা শুরু করে। **উক্ত** সমবায় সমিতিটি বিভিন্ন কর্মসংস্থান বা আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের মাধ্যমে নারী সমাজের আর্থ-সামাজিক বৈষম্য নিরসন তথা নারীর অধিকার ও ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। যার ফলে নারী সদস্যগণের নিরাপদ কর্মসংস্থান সৃষ্টি ও পারিবারিক আয় বৃদ্ধি পেয়েছে, উৎপাদনমুখী প্রযুক্তি ব্যবহারে কর্ম দক্ষতা অর্জন ও প্রয়োগ করেছে, এছাড়া নারী-পুরুষের সমতায় উন্নয়ন ঘটেছে। স্যালভেশন মহিলা সমবায় সমিতির বর্তমান সদস্য সংখ্যা ২০, মোট শেয়ার মূলধন ২০,০০০.০০ টাকা, সঞ্চয় জমা ২,৫০,০০০.০০ টাকা। বিভিন্ন উদ্যোগের মাধ্যমে লাভসহ মোট কার্যকরী মূলধন ৩,০০,০০০.০০ টাকা, যা বিভিন্ন লাভজনক উৎপাদনমুখী প্রকল্পে ব্যবহার করা হচ্ছে।

**সমিতি গঠনের প্রেক্ষাপট/ইতিহাসঃ**

মাগুরা জেলার শ্রীপুর উপজেলায় একদল নারী দরিদ্র পরিবারের আর্থিক অবস্থার উন্নয়নের জন্য উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরা এর সহযোগিতায় একত্রিত হয়ে উন্নয়নমুলক কাজ করার প্রত্যয়ে স্যালভেশন নামে একটি মহিলা সমবায় সমিতি গঠন করে। সরকারের নারী উন্নয়নসহ বহুমাত্রিক কার্যক্রম সমন্বিত উদ্যোগে অনুপ্রাণিত হয়ে লক্ষ্যিত জনগোষ্ঠি/পরিবারের নারীদের সমন্বয়ে নারী উন্নয়নে সরকারের গৃহিত প্রচেষ্টা সম্পর্কে অবহিতকরণ ও নারীদের অংশগ্রহণ নিশ্চিত করে সমাজের পিছিয়ে পড়া অধিকার ও সুযোগ বঞ্চিত আর্থিক সঞ্জতিহীন নারীর আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রম আরো বেগবান করার লক্ষ্যে সমবায়ের মাধ্যমে উদ্যোগ গ্রহণ করেছে। এ সমবায় সমিতি উন্নয়ন কর্মকান্ডের নীতিমালা থেকে শুরু করে প্রশাসনিক ও কর্মী নীতিমালায় নারীর সম-অধিকারের বিষয়টি সমুন্নত রাখার চেষ্টা করেছে।

সমিতির লক্ষ্য ও উদ্দেশ্যঃ

সমবায়ের ভিত্তিতে জাতীয় উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সহায়ক কুটির ও মাঝারি শিল্প স্থাপনের উদ্যোগ গ্রহণ করা। নারীর ক্ষমতায়ন ও আত্ম-কর্মসংস্থানের সৃষ্টি করা এবং ঘরে আবদ্ধ থাকা মহিলাদের আলোর পথ দেখানো। সঞ্চয়ের প্রতি উদ্বুদ্ধ করা এবং সঞ্চয়ের মাধ্যমে সদস্যদের আর্থিক সামর্থ বৃদ্ধিতে অবদান রাখা। দারিদ্র বিমোচন স্ব-কর্মসংস্থানমূলক উদ্যোগসমুহ বাস্তবায়নে সমিতির নিজস্ব মূলধন হতে সহজ শর্তে সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা। সভ্যগণের উৎপাদিত দ্রব্যাদি সংগ্রহ ও বিক্রয়, ভোগ্য পণ্য দ্রব্যাদি সংগ্রহ ও বিতরণ। নিবন্ধিত উপ-বিধিতে বর্ণিত প্রধান প্রধান উদ্দেশ্যসমূহ হচ্ছে সমবায় আদর্শ ও নীতির ভিত্তিতে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে নারী সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা। সমবায় ভিত্তিতে নারী সদস্যদের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে শেয়ার ও সঞ্চয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে লাভজনক প্রকল্পে বিনিয়োগ করা এবং সদস্যদের প্রশিক্ষণ প্রদান ও সেবামূলক কাজে উদ্বুদ্ধকরণ। সদস্যদের মধ্যে সঞ্চয় বৃদ্ধি ও মিতব্যয়িতার শিক্ষা দেয়া। বর্তমানে উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে সমিতির কার্যক্রম সন্তোষজনক।

**নারীর ক্ষমতায়নে সমিতির উদ্যোগ ও ভূমিকাঃ**

স্যালভেশন মহিলা সমবায় সমিতি লিঃ নারীর ক্ষমতায়ন সৃষ্টিতে উল্লেখযোগ্য উদ্যোগ গ্রহণ ও ভূমিকা রেখে চলেছে।

**ক) নারীর আর্থিক ক্ষমতায়নঃ**

নারীর ক্ষমতায়নে সমিতি বিভিন্ন উদ্যোগ ও ভূমিকা রয়েছে। সমিতিকে এগিয়ে নেওয়ার জন্য নারীর ক্ষমতায়ন অত্যন্ত জরুরী। সমাজের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায় সমিতি অন্যান্য সংগঠন থেকে অধিক কার্যকর। তাই পিছিয়ে পড়া নারীদের সমবায় সমিতিতে সদস্য হিসেবে অর্ন্তভূক্তির জন্য সমবায় সর্ম্পকিত প্রশিক্ষণ এবং নেতৃত্ব বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। সমবায় সমিতি সমাজে জনসাধারণকে সংঘবদ্ধ করে এবং যৌথ উদ্যোগ গ্রহণ করার জন্য টিম বিল্ডিং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সমিতির গণতান্ত্রিক চর্চার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ও সাধারণ সভা অনুষ্ঠান করার ফলে নেতৃত্বের বিকাশ ঘটছে। মহিলাদের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য ঋণ প্রকল্প এবং বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চালু রেখেছে ফলে মহিলাদের পারিবারিক মর্যাদা বৃদ্ধি পাচ্ছে। এ সমিতির অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে বিভিন্ন সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে।

**খ) নারীর সামাজিক ক্ষমতায়নঃ**

বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় দিবস পালন করে সদস্যদের দেশ, সমাজ ও জাতি গঠনে এই সমিতি উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। এলাকার বিভিন্ন দুর্যোগ ও অগ্নিকান্ডে সমিতির পক্ষ থেকে সাহায্য প্রদান করা হয়। মৃত সদস্যদের মরণোত্তর সেবা ও সাহায্য প্রদান করা হয়। গরীব ছেলে মেয়েদের পড়ালেখা করার জন্য অনুদান প্রদান করা হয়। বাল্য বিবাহ রোধে সমিতির অফিস কক্ষে সভা সেমিনার করে থাকেন। অল্প সময়ের মধ্যে সমিতির আর্থিক উন্নয়নের পাশাপাশি সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা রেখে আসছে।

**গ) নারীর রাজনৈতিক ক্ষমতায়নঃ**

নারীর রাজনৈতিক ক্ষমতায়ন অর্জন সরকারের রাজনৈতিক সদিচ্ছা ও একটি দীর্ঘ মেয়াদি সাংগঠনিক প্রক্রিয়ার ফল। স্যালভেশন মহিলা সমবায় সমিতির সদস্যগণ তাদের গণতান্ত্রিক চর্চার মাধ্যমে নিয়মিত মাসিক সভা, বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ও যথাসময়ে

ব্যবস্থাপনা কমিটি নির্বাচন সম্পর্কে ধারণা লাভ করে। সমিতিটি নিয়োগকালীন কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে। ব্যবস্থাপনা কমিটির নিয়োগকৃত কমিটির সদস্য সংখ্যা ০৬ জন। উক্ত কমিটির মেয়াদ শেষ হবে আগামী ২৭/০১/২০২২খ্রিঃ তারিখে। ২০১৯-২০২০ অর্থ বছরে ব্যবস্থাপনা কমিটির মোট ১২টি সভা অনুষ্ঠিত হয়েছে। সদস্যগণ সরাসরি কোন রাজনৈতিক দলীয় সদস্যভূক্ত নয়, তবে স্থানীয় সমস্যা সমাধানে এবং নারী অধিকার সংরক্ষণে স্থানীয় জনপ্রতিনিধির দৃষ্টি আকর্ষণ এবং সমস্যা অনুধাবন করাতে সক্ষম হয়েছেন, যা সদস্যগণ নারীর রাজনৈতিক সচেতনতা ও নারীর রাজনৈতিক ক্ষমতায়ন বৃদ্ধি হিসেবে দেখছেন।

**সমিতির প্রাতিষ্ঠানীকিকরণে গৃহীত পদক্ষেপঃ**

সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছরে অডিট সম্পাদিত হয়েছে। সমিতির রেকর্ড পত্র নিয়মিত সংরক্ষণ করা হয় এবং সকল সদস্যদের জন্য তা উন্মুক্ত রাখা হয়। সমিতির অফিসে ডিজিটাল সাইনবোর্ড এবং ব্যবহারের জন্য প্রয়েজনীয় সংখ্যক রেজিস্টার ও সীলমোহর আছে। । সমিতির ধারাবাহিকতা এবং স্থায়িত্বশীলতা নিশ্চিতকরণে সমবায় আইন ২০০১ (সংশোধন ২০০২) ও ২০১৩ এবং সমবায় সমিতি বিধিমালা ২০৪ (সংশোধন ২০২০) এর সংশ্লিষ্ট ধারা প্রতিপালনের ফলে সমিতিতে গতিশীলতা বিদ্যমান।

**সমিতির ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

অভিজ্ঞতার আলোকে বলা যায় উক্ত সমবায় সমিতির সফলতায় অংশগ্রহণকারীদের হাতে-কলমে প্রশিক্ষণ সহায়তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। যেমনঃ প্রশিক্ষণার্থীদের ব্লক বাটিক, হস্তশিল্প এবং সেলাই প্রশিক্ষণ। সমিতির সদস্যদের জন্য চাহিদা ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, বিনিয়োগ এবং বাস্তবায়নকালীন প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা নিশ্চিত করা হলে সদস্যরা আরো উন্নতিসাধন করবে।

উপসংহারঃ একসময় যে নারীর অভাব-অনটন ছিল নিত্যসঙ্গী, নিজের সামান্য প্রযোজনটুকু মিটানোর সামর্থ ছিল না আজ সে স্বামীর সহযোগী হয়ে সংসারের ব্যয় নির্বাহের হাল ধরেছে। সুযোগ সৃষ্টি হয়েছে সংসারে তার বাক স্বাধীনতা প্রতিষ্ঠা করার। পালন করছে ছেলেমেয়েদের লেখাপড়া আরো ভালভাবে চালিয়ে নেয়ার দায়িত্ব। অর্থনৈতিক স্বচ্ছলতার কারণে সদস্যরা সামাজিক উন্নয়নে কার্যকর ভূমিকা রেখে আসছে। এর ফলে প্রত্যাশা আলোচ্য সমিতিটি একদিন সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌঁছাবে।

**সমিতির সদস্যদের উৎপাদিত হস্তশিল্পজাত পণ্যঃ**





**তথ্য সংগ্রহেঃ**
**মিত্রজীত ঘোষ**
**সহকারী** পরিদর্শক**, উপজেলা সমবায় কার্যালয়, শালিখা, মাগুরা**

## ৫ম অধ্যায়ঃ

## জেলা নির্বাচন কমিটি কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার – ২০২১ এর জন্য মনোনীত সমবায় সমিতি এবং সমবায়ীর তালিকা :

| সমবায় সমিতির নাম ও ঠিকানা | সমবায়ীর নাম ও ঠিকানা |
|---|---|
| ০৩। মোহনা রাজবংশী কল্যান বহুমুখী সমবায় সমিতি লিঃ<br>রেজি নং- ০০২৪ মাগুরা ,তারিখ- ২৮/০১/২০০৭খ্রিঃ<br>গ্রামঃ-আড়পাড়া, ডাক-আড়পাড়া,<br>উপজেলাঃশালিখা ,জেলা মাগুরা। | ০৩। এ, এস, এম সাইফুজ্জামান, সদস্য,<br>জোকা দারিদ্র নিরোধ সমবায় সমিতি লিঃ<br>মুল রেজিঃ নং-১৮মাগুরা তারিখ-১৭/০৯/২০০২খ্রিঃ,<br>সংশোধিত- ০০২মাগুরা,<br>তারিখঃ০৪/০৪/২০২১খ্রিঃ<br>গ্রামঃজোকা,ডাকঘরঃশ্রীপুর,<br>উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ মাগুরা |
| ০৪। অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারী কল্যাণ সমবায় সমিতি লিঃ<br>রেজি নং- ০০২৩/মাগুরা,তারিখ- ১৮/১১/২০১৫খ্রিঃ<br>গ্রামঃ-নাকোল, ডাক-নাকোল,<br>উপজেলাঃশ্রীপুর,জেলা মাগুরা। | |

## ষষ্ঠ অধ্যায়ঃ

## শ্রীপুর উপজেলার মোট কার্যকর সমবায় সমিতির তালিকাঃ

| উপজেলা | সমিতির সংখ্যা |
|---|---|
| ১। শ্রীপুর- | ৪৭ |
| সর্বমোট | ৪৭ |

## শ্রীপুর উপজেলাধীন কার্যকর সমবায় সমিতির তালিকা নিম্নরূপঃ

| ক্র.নং | কার্যকর সমবায় সমিতির নাম | ঠিকানা | নিবন্ধন নং ও তারিখ | সভাপতি/সম্পাদকের নাম | মোবাইল নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | নকোল ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ | গ্রামঃ নাকোল, ডাকঃ নাকোল, শ্রীপুর, মাগুরা। | ৭৬/জে, তারিখঃ ২০/০৬/১৯৫০ | মোঃ ইসলাম আলী | ০১৭১৮-২৩২৫৮৩ |
| ২ | আমলসার ইউনিয়ন আদিবাসী কল্যাণ বহুমুখী সমবায় সমিতি লিঃ | গ্রামঃ সাচিলাপুর, ডাকঃ সাচিলাপুর, শ্রীপুর, মাগুরা। | ০৯/জে তারিখঃ ০৮/০৫/২০০৪ | সুধীর কুমার বিশ্বাস | ০১৭৩১-৬৮২৪১৩ |
| ৩ | শ্রীপুর উপজেলা মুক্তিযোদ্ধা কল্যাণ বহুমুখী সমবায় সমিতি লিঃ | গ্রামঃ মদনপুর, ডামঃ মদনপুর , শ্রীপুর, মাগুরা | ০০৯১/মাগুরা তারিখঃ ১৯/১০/২০০০ | মোঃ ইকরাম আলী বিশ্বাস | ০১৭২৫-৮৭৪৮৫২ |
| ৪ | উন্নয়ন মৎস্যজীবী  সমবায় সমিতি লিঃ | গ্রামঃ গোয়ালদহ,ডাকঃ মালাইনগর,শ্রীপুর, মাগুরা | ০০২৭/মাগুরা তারিখঃ ০৭/০৪/২০১৬ | অরজিৎ বিশ্বাস | ০১৭১৯-৬২৮০২৬ |
| ৫ | কোদলা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | গ্রামঃ কোদলা, ডাকঃ করন্দি, শ্রীপুর, মাগুরা | ০০০৭/মাগুরা তারিখঃ ১৫/০৩/২০১৭ | ননী গোপাল | ০১৭১০-৮৭৫৫৪৩ |
| ৬ | আলোকিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | গ্রাকঃ টুপিপাড়া, ডাকঃ খামারপাড়া,শ্রীপুর, মাগুরা | ০০১০/মাগুরা তারিখঃ ১৮/০৩/২০১২ | হিরা কুমার সরকার | ০১৭১২-৭৪৮৯৮৫ |
| ৭ | জোনাকী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ গোয়ালদহ,ডাকঃ মালাইনগর,শ্রীপুর, মাগুরা। | ০০১০/মাগুরা, তারিখঃ ০২/০৪/২০১৪ | মোঃ শাহজাহান | ০১৯১২-৭৪৪৬৫৪ |
| ৮ | আশার আলো সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ সাচিলাপুর,পোঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা | ০০০৮/মাগুরা তারিখঃ ২৩/০৮/২০২০ | মোঃ আব্দুল হাই | ০১৭৬৬-৪৭২৯৪০ |
| ৯ | সাচিলাপুর সুখের ঠিকানা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ সাচিলাপুর, পোঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা | ০০১৩/মাগুরা তারিখঃ ২১/০১/২০২০ | সাকিব হাসান | ০১৭২৮-৬৯০০০৮ |
| ১০ | ওয়াপদা বাজার সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ ওয়াপদা বাজার, পোঃ ওয়াপদা বাজার, শ্রীপুর, মাগুরা | ০০১৫/মাগুরা তারিখঃ ০৬/০২/২০২০ | মোঃ চঞ্চল শেখ | ০১৭৪৯-৯৯৩৪৪৫ |
| ১১ | প্রগতি সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ+পোঃ শ্রীপুর,শ্রীপুর, মাগুরা | ০০১৮/মাগুরা তারিখঃ ২১/০৬/২০২০ | সত্যেন্দ্রনাথ বিশ্বাস | ০১৩০৭-৭৩৮২৯৬ |
| ১২ | পউস সঞ্চয় ওঋণদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ চরগোয়ালদহ,পোঃ মালাইনগর,শ্রীপুর, মাগুরা | ০০২৪/ মাগুরা তারিখঃ ১৯/০৭/২০১২ | নিধির কুমার মন্ডল | ০১৭১৬-৮০৮২৩৭ |
| ১৩ | ইনসাফ সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ গোয়ালদহ, পোঃ মালাইনগর,শ্রীপুর, মাগুরা | ০০০৮/মাগুরা তারিখঃ ১৮/০৩/২০১৪ | মোঃ কামাল হোসেন | ০১৭৯২-০০৮৯৩৬ |
| ১৪ | আইডিয়াল সঞ্চয়  ও ঋনদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ শ্রীপুর,পোঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা | ০০১১/মাগুরা তারিখঃ ১৮/০৩/২০১২ | মোঃ মোয়াজ্জেম হোসেন | ০১৭৮৭-৩৩৩৬৫০ |
| ১৫ | সূর্যমুখী সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃ খামারপাড়া,পোঃ খামারপাড়া, শ্রীপুর, মাগুরা | ০০২১/মাগুরা তারিখঃ ২৮/০৩/২০২১ | মোঃ আলমগীর হোসেন | ০১৭৪৩-৬৯৬৭৯০ |
| ১৬ | সোনার বাংলা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ শ্রীপুর,ডাকঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা। | ০০০৯/মাগুরা তারিখঃ ৩০/০৩/২০১৫ | মোঃ সেলিম রেজা | ০১৭২৯-১৮৩৭৪৩ |
| ১৭ | গড়াই সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ ওয়াপদা, ডাকঃ নাকোল, শ্রীপুর, মাগুরা। | ০০২০/মাগুরা তারিখঃ ০১/০৯/২০১৫ | মহব্বত হোসেন | ০১৭২২-৩৫২১২৩ |
| ১৮ | স্বপ্ন বাস্তবায়ন সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ শ্রীপুর,ডাকঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা। | ০০০৬/মাগুরা তারিখঃ ১৪/০৩/২০১৭ | মোঃ সোবাহান | ০১৭১৬-১৪৫৮২৬ |
| ১৯ | সংগ্রাম গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ সাচিলাপুর,ডাকঃ সাচিলাপুর,শ্রীপুর, মাগুরা। | ০০০৩/মাগুরা তারিখঃ ১২/০২/২০১৮ | মোঃ শফি শেখ | ০১৭১০-৭৮৪৩৩০ |
| ২০ | নাকোল রায়নগর (এনআর) গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ নাকোল, ডাকঃ নাকোল, শ্রীপুর, মাগুরা। | ০০০৩/মাগুরা তারিখঃ ১৪/০২/২০১৭ | মোঃ অলিয়ার রহমান | ০১৭২০-২৯৮৮৮২ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২১ | প্রভাতি গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রাম+ডাকঃ শ্রীপুর ,শ্রীপুর, মাগুরা। | ০০১৪/মাগুরা তারিখঃ ৩০/০৭/২০১৭ | বিকাশ রায় | ০১৯৫০-১২৮৪৮৬ |
| ২২ | শাপলা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রাম+ডাকঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা। | ০০০৮/মাগুরা তারিখঃ ০৬/০৫/২০১৮ | মোঃ আসাদুজ্জামান | ০১৯৫০-১৫৮৮২৬ |
| ২৩ | স্বপ্নের সিড়ি গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রাম+ডাকঃ নাকোল শ্রীপুর, মাগুরা। | ০০১১/মাগুরা তারিখঃ ১৮/০৪/২০১৭ | সোবাহান সিদ্দিকি | ০১৭৪৫-৩০০৬০০ |
| ২৪ | মোহনা গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ ছোট উদাস, ডাকঃ করুন্দি, শ্রীপুর, মাগুরা। | ০০০২/মাগুরা তারিখঃ ০১/০২/২০১৭ | মোঃ হাফিজুর রহমান | ০১৭১৫-২৬৮৯২৭ |
| ২৫ | বন্ধন গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রাম+ডাকঃ রাধানগর শ্রীপুর, মাগুরা। | ০০০৪/মাগুরা তারিখঃ ০১/০৩/২০১৭ | পল্লব কুমার রাহুত | ০১৭৩৪-৫৫১৬০৯ |
| ২৬ | সঞ্চিতা গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ চন্ডীবর, ডাকঃ মাশালিয়া, শ্রীপুর, মাগুরা | ০০০১/মাগুরা তারিখঃ ০৭/০২/২০১৮ | বিধান কুমার বিশ্বাস | ০১৭২৪-৭৮৬৪২৭ |
| ২৭ | জনকল্যাণ গ্রাম সমবায় সমিতি লিঃ | গ্রামঃ জোকা,ডাকঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা | ০০০৬/মাগুরা তারিখঃ ১৪/০৩/২০১৭ | মোছাঃ শাহিনা বেগম | ০১৭৩২-৮৪৬৫৭৯ |
| ২৮ | নবদিগন্ত গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ শ্রীপুর, ডাকঃ শ্রীপুর , শ্রীপুর, মাগুরা | ০০০১/মাগুরা তারিখঃ ১৫/০১/২০১৭ | মোঃ জাকির হোসেন | ০১৯১৯-৮৯৯৬০৪ |
| ২৯ | মঠবাড়ী গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রামঃ চরগোয়ালপাড়া,ডাকঃ মালাইনগর, শ্রীপুর, মাগুরা | ০০২১/মাগুরা তারিখঃ ০৫/০৫/২০১৯ | বিভুতী কুমার সরকার | ০১৭১৯-৬৪২৩৯৪ |
| ৩০ | গঙ্গারামখালী সম্মিলিত পঞ্চগ্রাম বহুমুখী সমবায় সমিতি লিঃ | গ্রামঃ গঙ্গারামখালী, ডাকঃ মালাইনগর,শ্রীপুর, মাগুরা | ০০৪২/মাগুরা তারিখঃ ০২/০৯/২০০১ | মোঃ গোলাম মোস্তফা | ০১৭২০-২৮২৮৭৪ |
| ৩১ | শ্রীপুর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | গ্রাম+পোঃ শ্রীপুর শ্রীপুর, মাগুরা | ০০৩০/মাগুরা তারিখঃ ৩০/০৫২০/১৬ | মোঃ সাহেব আলী | ০১৭২৫-৬২৪৩৮৮ |
| ৩২ | অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারী কল্যাণ সমবায় সমিতি লিঃ | গ্রামঃ নাকোল,পোঃ নাকোল, শ্রীপুর, মাগুরা | ০০২৩/মাগুরা তারিখঃ ১৮/১১/২০১৫ | মোঃ হারুন অর রশিদ | ০১৭১০-৪৬৭৭৬৩ |
| ৩৩ | স্যালভেশন মহিলা সমবায় সমিতি লিঃ | গ্রাম+পোঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা | ০০১৪/মাগুরা তারিখঃ ২৮/০১/২০২০ | সবিতা বিশ্বাস | ০১৯২৭-২৭৩৮১৯ |
| ৩৪ | জোকা দারিদ্র নিরোধ সমবায় সমিতি লিঃ | গ্রামঃ জোকা,পোঃ জোকা, শ্রীপুর, মাগুরা | সং- ০০০২/মাগুরা তারিখঃ ০৪/০৪/২০২১ | শিশির কুমার শিকদার | ০১৭১৮-০৮০৬৬০ |
| ৩৫ | যমুনা আদর্শ গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | গ্রাম+ডাকঃ নাকোল, শ্রীপুর, মাগুরা। | ০০১/মা, ১৭/০৭/২০১৯খ্রিঃ | মোঃ মিজানুর রহমান | ০১৭১৩৯০৩৬৭৩ |
| ৩৬ | জনসেবা সঞ্চয় ঋনদান সমবায় সমিতি লিঃ | গ্রাম+ডাকঃ কাজলী, শ্রীপুর, মাগুরা। | সং-০১মা, তারিখ- ১২/০৩/১৮ | মোঃ রফিকুল ইসলাম | ০১৯১২২১১৬৭১৮ |
| ৩৭ | শ্রীপুর ইউসিসিএ (জিকে) লিঃ | গ্রাম+ডাকঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা। | ৭২ কে, ১৩/০৪/১৯৭৩ | শেখ নজরুল ইসলাম | ০১৭২৪০৫৬৯৬৬ |
| ৩৮ | শ্রীপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ | গ্রাম+ডাকঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা। | ০২/খুলনা ২৫/০৬/২০১৯ | মোঃ রবিউল ইসলাম | ০১৭৮২৭৭৩৫৪০ |
| ৩৯ | শ্রীপুর ইউবিসিসিএ লিঃ | গ্রাম+ডাকঃ শ্রীপুর, শ্রীপুর, মাগুরা। | ২২/৯৩, ১৩/১০/১৯৯৩ | মোঃ তোফাজ্জেল হোসেন | -- |
| ৪০ | টিকারবিলা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | গ্রামঃআড়ুয়াডাঙ্গি, ডাকঃ করুন্দি, শ্রীপুর, মাগুরা। | ১১/মাগুরা, ১৪/০৬/২০২২ | শ্রী নেপাল চন্দ্র বিশ্বাস | -- |
| ৪১ | রাজবংশী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | গ্রামঃরামচন্দ্রপুর কোদলা,ডাকঃ করুন্দি, শ্রীপুর, মাগুরা। | ১০/মাগুরা, ২২/০৫/২০২২ | আনন্দ কুমার বিশ্বাস | ০১৭৭৬৫২৯৫২৬ |
| ৪২ | খামারপাড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | গ্রাম+ডাকঃ খামারপাড়া, শ্রীপুর, মাগুরা। | ১২৪/জে, ৮/০৪/১৯৭২ | শ্রীবাস কুমার বিশ্বাস | ০১৭২৩৬৮০৭১৪ |
| ৪৩ | সম্মিলিত সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ | গ্রামঃকালিনগর, ডাকঃ করুন্দি, শ্রীপুর, মাগুরা। | ০৩/মাগুরা, ২২/১১/২০২১ | মোঃ মাজেদুল ইসলাম | ০১৭২৩৪৬১২২৫ |
| ৪৪ | ঘাষিয়াড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | গ্রামঃঘাষিয়াড়া,ডাকঃনাকোল,শ্রীপুর,মাগুরা | ১৪/মা, ২৮/০২/২০০০ | গোবিন্দ বিশ্বাস | ০১৯৯৪৪৫৭৩৯২ |
| ৪৫ | আনন্দনগর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | গ্রামঃ আনন্দনগরঃ ডাকঃ মালাইনগর, শ্রীপুর, মাগুরা। | ১৫৯/জে, ২১/০৪/১৯৭২ | তাপস কুমার | ০১৭২৫৯১৮৫৮৮ |
| ৪৬ | পূর্বশ্রীকোল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | গ্রামঃ শ্রীকোল, ডাকঃ খামারপাড়া, শ্রীপুর, মাগুরা। | ২১/মা, ২৭/০৯/২০১১ | মোঃ আশরাফুল ইসলাম | -- |
| ৪৭ | কাদিরপাড়া ইউনিয়ন বহুঃ সমবায় সমিতি লিঃ | গ্রামঃ কাদিরপাড়া, ডাকঃ নাকোল, শ্রীপুর, মাগুরা। | ২৪/জে, ২৪/০৬/১৯৫০ | মোঃ আঃ মান্নান | ০১৭১৪২৮৫৬২৪ |

## ৭ম অধ্যায়ঃ
## একটি শোক বার্তা



জেলা সমবায় কার্যালযয়, মাগুরা এর সহকারী প্রশিক্ষক জনাব মোঃ মুস্তাফিজুর রহমান ব্রেইন স্ট্রোক করে বিগত ৩০/০১/২০২২খ্রিঃ তারিখ সকাল আনুমানিক ৯:০০ ঘটিকার সময় ফরিদপুর মেডিকেল কলেজে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুইটি পুত্র সন্তান এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

## নবম অধ্যায়ঃ

## ২০২২-২০২৩ সালের শুদ্ধাচার পুরস্কার

| ক্র.নং | নাম, পদবী, কর্মস্থল | | ছবি |
|---|---|---|---|
| ০১ | মিত্রজীত ঘোষ সহকারী পরিদর্শক, শ্রীপুর, মাগুরা। |  |  |
| | ক্যাটাগরি | | |
| | আওতাধীন কার্যালয়ের ১৩-১৬ তম গ্রেড | | |

১৯/০৭/২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয় মাসিক সমন্বয় সভায় মাগুরা জেলার সমবায় বিভাগের শুদ্ধাচার পুরস্কারঃ২০২১-২২ এর জন্য মনোনয়ন প্রাপ্ত ৫ জন কর্মকর্তা-কর্মচারীকে ক্রেস্ট এবং সম্মাননা সনদপত্র প্রদান করা হয়।

২০২২ সালের ৫১তম জাতীয় সমবায় দিবস উপজেলা প্রশাসন, সমবায় বিভাগ ও সমবায়ীদের সমন্বয়ে যথাযোগ্য মর্যাদায় সফলতার সাথে পালন করা হয়।



বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

## একাদশ অধ্যায়ঃ
## উপজেলা সমবায় কার্যালয় সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা

| উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরা। | | | | |
|---|---|---|---|---|
| ক্র.নং | পদবী | নাম | মোবাইল নং | ছবি |
| ০১ | উপজেলা সমবায় কর্মকর্তা | স্বরশ্বতী রাণী দাস | ০১৮১৬২০১৩২৪ |  |
| ০২ | সহকারী পরিদর্শক | মিত্রজীত ঘোস | ০১৭৫৪৬৩৪৫৮৫ |  |
| ০৩ | সহকারী পরিদর্শক | শিমুল হোসেন | ০১৭৩৬৫৪১২৯৮ |  |
| ০৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | পদ শূণ্য | পদ শূণ্য | পদ শূণ্য |
| ০৫ | অফিস সহায়ক | মারুফ হোসেন | |  |

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ স্বাক্ষরিতঃ



২১/০৬/২০২২খ্রিঃ তারিখ মাগুরা জেলা ও উপজেলা সমবায় কার্যালয় সমূহে সদ্য পদায়নকৃত/যোগদানকৃত ৭ জন কর্মকর্তা-কর্মচারীকে সমবায় বিভাগ, মাগুরা এর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং ই-নথির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।



১৫-০৬-২০২২ খ্রিঃ তারিখ জেলা সমবায় কার্যালয় মাগুরা এবং আওতাধীন উপজেলা সমবায় কার্যালয় সমুহের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২২-২৩ অদ্য জেলা সমবায় কার্যালয়, মাগুরায় স্বাক্ষরিত হয়।












------------সমাপ্ত------------